# এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ২ ঘণ্টা | পূর্ণমান — ৪০

## রসায়ন

### সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ১ ৩ ৭

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।*

১. ▶

| মৌল | A | B | C | D |
|---|---|---|---|---|
| পারমাণবিক সংখ্যা | 12 | 17 | 24 | 26 |

ক. ব্যাপনের সংজ্ঞা দাও। ১

খ. 'C' মৌলের ইলেকট্রন বিন্যাস ব্যাখ্যা কর। ২

গ. A ও B এর মধ্যে গঠিত বন্ধনের সচিত্র বর্ণনা দাও। ৩

ঘ. AB, BB ও DD পদার্থ তিনটির বিদ্যুৎ পরিবাহিতার ক্রম আলোচনা কর। ৪

২. ▶ (i) $N_2(g) + H_2 \rightleftharpoons 2NH_3(g)$

(ii) $N_2(g)+O_2(g) \rightleftharpoons NO(g); \Delta H = 180\ kJ$

[$N \equiv N$, $H - H$ ও $O = O$ বন্ধন শক্তি যথাক্রমে 520kJ/mole, 435kJ/mole ও 498 kJ/mole]

ক. সমাণু বলতে কী বুঝ? ১

খ. রাসায়নিক সাম্যাবস্থা ব্যাখ্যা কর। ২

গ. (i) নং বিক্রিয়ায় N–H বন্ধন শক্তি নির্ণয় কর। ৩

ঘ. (i) ও (ii) নং বিক্রিয়ায় লাভজনকভাবে উৎপাদ পেতে তাপমাত্রার তুলনামূলক প্রভাব আলোচনা কর। ৪

৩. ▶ $NH_4NO_3(aq) + Ca(OH)_2(aq) \rightarrow X(g)+Y(aq) + Z(l)$


ক. দুর্বল এসিড কাকে বলে? ১

খ. সম্পূর্ণ বিশুদ্ধ নাইট্রিক এসিড নীল লিটমাসের বর্ণ পরিবর্তন করে না কেন? ২

গ. উদ্দীপকের উৎপন্ন গ্যাসের লবণের সাথে CaO এর বিক্রিয়ার সমীকরণ দেখাও। ৩

ঘ. কপার (II) লবণের দ্রবণে 'X' গ্যাসের দ্রবণের বিক্রিয়ায় উৎপন্ন পদার্থের বর্ণ পরিবর্তন আলোচনা কর। ৪

৪. ▶




http://teachingbd.com

ক. গ্যালভানিক কোষ কাকে বলে? ১
খ. আকরিক হতে ধাতু নিষ্কাশনের ধাপগুলো লিখ। ২
গ. উল্লিখিত দ্রবণের তড়িৎ বিশ্লেষণ আলোচনা কর। ৩
ঘ. উল্লিখিত প্রক্রিয়ায় লোহার তৈরি চামচের উপর ক্রোমিয়ামের প্লেটিং বর্ণনা কর। ৪

৫.▶তিন কার্বন বিশিষ্ট অ্যালকেন + $Cl_2$ $\xrightarrow{\text{মৃদু সূর্যালোক}}$ B+HCl

B+NaOH(aq) → C

ক. 'অ্যালকান্যাল' এর সাধারণ সংকেত লিখ। ১
খ. উদ্দীপকের বিক্রিয়া দুইটির সমীকরণ লিখ। ২
গ. C যৌগ থেকে অ্যালকিন প্রস্তুতি দেখাও। ৩
ঘ. A যৌগ থেকে কার্বক্সিলিক এসিড প্রস্তুতি সম্ভব কিনা যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬.▶নাইট্রোজেন ও অক্সিজেন দ্বারা গঠিত একটি যৌগে 3.5g নাইট্রোজেন ও 6gm অক্সিজেন বিদ্যমান। অন্যদিকে কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেন দ্বারা গঠিত যৌগে 54.54% কার্বন ও 9.09% হাইড্রোজেন বিদ্যমান।

ক. চালকোসাইট ও ম্যাগনেটাইটের সংকেত লিখ। ১
খ. ধাতু নিষ্কাশন বিজারণ প্রক্রিয়া ব্যাখ্যা কর। ২
গ. প্রথম যৌগের সরল সংকেত কী হবে নির্ণয় কর। ৩
ঘ. দ্বিতীয় যৌগটির আণবিক ভর 60 হলে, যৌগটির সংকেত নির্ণয় কর। ৪

Teachingbd.com

সময় — ৩৫ মিনিট পূর্ণমান — ৩৫

## রসায়ন : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৩ | ৭ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. বডি স্প্রেতে কোনটি আগে ঘটে?**

ক) ব্যাপন খ) নিঃসরণ
গ) অভিস্রবণ ঘ) উর্ধ্বপাতন

**২. অনুসন্ধান থেকে কীসের জন্ম?**

ক) পরীক্ষা খ) উদ্ভাবন
গ) গবেষণা ঘ) বিশ্লেষণ

**৩. আন্তর্জাতিক রশ্মি চিহ্নটি ১৯৪৬ সালে প্রথম কোথায় ব্যবহৃত হয়েছিল?**

ক) আমেরিকা খ) জাপান
গ) চীন ঘ) লন্ডন

**৪. স্বল্প বায়ুর উপস্থিতিতে কাঠ পোড়ালে স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর কোন গ্যাস উৎপন্ন হয়?**

ক) CO খ) $CO_2$
গ) $SO_2$ ঘ) $SO_3$

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**

A $\underset{\text{তাপমাত্রা হ্রাসকরণ}}{\overset{\text{তাপ প্রয়োগ}}{\rightleftharpoons}}$ B $\underset{\text{তাপমাত্রা হ্রাসকরণ}}{\overset{\text{তাপ প্রয়োগ}}{\rightleftharpoons}}$ C

**৫. C এর ক্ষেত্রে কোনটি নির্দিষ্ট?**

ক) আকার খ) আকৃতি
গ) আয়তন ঘ) ভর

**৬. উদ্দীপকগুলোর ক্ষেত্রে—**

i. A অপেক্ষা C এর সংকোচনশীলতা বেশি
ii. B এর আকৃতি নির্দিষ্ট
iii. C এর ঘনত্ব সবচেয়ে কম


**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. হার্টে পেইসমেকার বসাতে কোনটি ব্যবহৃত হয়?**

ক) $^{32}P$ খ) $^{60}Co$
গ) $^{238}Pu$ ঘ) $^{106}Ru$

**নিচের ডায়াগ্রামের আলোকে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**



চিত্র-A চিত্র-B চিত্র-C

**৮. A মৌলের কয়টি আইসোটোপ আছে?**

ক) 2 টি খ) 3 টি
গ) 4 টি ঘ) 5 টি

**৯. A মৌলটি—**

i. B এর সাথে অক্সাইড গঠন করে
ii. C এর সাথে সমযোজী বন্ধন গঠন করে
iii. AB পানির সাথে বিক্রিয়া করে এসিড উৎপন্ন করে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. কোন গ্রুপের মৌলসমূহ পানির সাথে বিক্রিয়া করে?**

ক) গ্রুপ-1 এর মৌলসমূহ খ) গ্রুপ-2 এর মৌলসমূহ
গ) গ্রুপ-3 এর মৌলসমূহ ঘ) গ্রুপ-11 এর মৌসমূহ

**১১. ক্যালসিয়াম একটি—**

i. মৃৎক্ষার ধাতু
ii. ক্ষার ধাতু
iii. তড়িৎ ধনাত্মক ধাতু

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১২. Transition metal হিসেবে পরিচিত কোন গ্রুপের ধাতুসমূহ?**

ক) গ্রুপ 1 থেকে গ্রুপ 11 এর মৌলসমূহ
খ) গ্রুপ 2 থেকে গ্রুপ 11 এর মৌলসমূহ
গ) গ্রুপ 3 থেকে গ্রুপ 11 এর মৌলসমূহ
ঘ) গ্রুপ 4 থেকে গ্রুপ 11 এর মৌলসমূহ

**১৩. উত্তেজিত অবস্থায় ফসফরাসের যোজনী কত?**

ক) 3 খ) 5
গ) 7 ঘ) 8

**১৪. সমযোজী যৌগ হচ্ছে—**

i. চিনি ও অ্যালকোহল
ii. অ্যালকোহল ও আয়রন
iii. গ্লুকোজ ও চিনি

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) ii ও iii
গ) iii ঘ) i ও iii

**১৫. যে সমযোজী যৌগে পোলারিটির সৃষ্টি হয় তাকে কী বলে?**

ক) পোলার যৌগ
খ) অপোলার যৌগ
গ) অপোলার সমযোজী যৌগ
ঘ) পোলার সমযোজী যৌগ

**১৬. 1 মৌল বা 44 গ্রাম কার্বন ডাই অক্সাইডের আয়তন প্রমাণ অবস্থায় কত?**

ক) 88.4 লিটার খ) 44.4 লিটার
গ) 22.4 লিটার ঘ) 22.2 লিটার

Teachingbd.com

নিচের উদ্দীপকটি ভালোভাবে পড়ো এবং ১৭ ও ১৮ প্রশ্নগুলোর উত্তর দাও।

প্রমাণ অবস্থায় 24g কার্বন ও 22.4 লিটার অক্সিজেনের সাথে বিক্রিয়ায় কার্বন-ডাই-অক্সাইড উৎপন্ন করা হল।

**১৭. কার্বনের পরিমাণ কত?**
ⓚ 1 mole ⓚ 2 mole
ⓖ 3 mole ⓖ 4 mole

**১৮. বিক্রিয়া শেষে অবশিষ্ট থাকবে—**
i. 1 mole C
ii. 1 mole $O_2$
iii. 1 mole $CO_2$
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**১৯. পারঅক্সাইডে অক্সিজেনের জারণ সংখ্যা কত?**
ⓚ 0 ⓚ 1
ⓖ 2 ⓖ –1

**২০. $SiCl_4 + 4H_2O \rightarrow Si(OH)_4 + 4HCl$; এটি কোন ধরনের বিক্রিয়া?**
ⓚ আর্দ্র বিশ্লেষণ বিক্রিয়া ⓚ পানিযোজন বিক্রিয়া
ⓖ সমাণুকরণ বিক্রিয়া ⓖ পলিমারকরণ বিক্রিয়া

**২১. এন্টাসিড জাতীয় ঔষধ সেবনে কোন ধরনের বিক্রিয়া সম্পন্ন হয়?**
ⓚ প্রতিস্থাপন ⓚ সংযোজন
ⓖ দহন ⓖ প্রশমন

**২২. $CH_4 + Cl_2 \rightarrow CH_3Cl + HCl$; এই বিক্রিয়ায় $\Delta H$ এর মান কত?**
ⓚ –488 kJ/mole ⓚ –244 kJ/mole
ⓖ –198 kJ/mole ⓖ –99 kJ/mole

**২৩. মারকারি কোষে কী ব্যবহার করা হয়?**
ⓚ Zn ও $Hg_2O$ ⓚ Pb ও $PbO_2$
ⓖ Zn ও $PbO_2$ ⓖ Pb ও $Hg_2O$

**২৪. পানির ক্ষেত্রে—**
i. পানি বিয়োজিত হয়ে হাইড্রোজেন আয়ন ও হাইড্রোক্সিল আয়ন উৎপন্ন করে
ii. হাইড্রোক্সিল আয়ন অ্যানোডে জারিত হয়
iii. হাইড্রোজেন আয়ন ক্যাথাডে বিজারিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

নিচের উদ্দীপকটি ভালোভাবে পড়ো এবং ২৫ ও ২৬ প্রশ্নগুলোর উত্তর দাও।

সাবান + $H_2O \rightarrow$ স্টিয়ারেট আয়ন।

**২৫. স্টিয়ারেট আয়ন কোনটি?**
ⓚ R-COOH ⓚ $CH_3CO^-$
ⓖ $R-COO^-$ ⓖ $CnH_{2n+1}$

**২৬. সাবানের ক্ষেত্রে—**
i. সাবানের সোডিয়াম আয়ন দ্রবণীয় সোডিয়াম কার্বনেট উৎপন্ন করে
ii. সোডিয়ামের স্থলে সাবানে পটাসিয়াম থাকলেও সাবান একই বিক্রিয়া দেয়
iii. $2R\text{-}COO + Ca^{2+} \rightarrow (R-COO)_2Ca$ (অদ্রবণীয়)
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২৭. ফিটকিরির সংকেত কোনটি?**
ⓚ $K_2SO_4.Al_2(SO_4)_3.24H_2O$
ⓚ $CaSO_4,Al_2(SO_4)_3.24H_2O$
ⓖ $MgSO_4\ Al_2(SO_4)_3.24H_2O$
ⓖ $FeSO_4\ Al_2(SO_4)_3.24H_2O$

**২৮. তরল খনিজ কোনটি?**
ⓚ পেট্রোলিয়াম ⓚ প্রাকৃতিক গ্যাস
ⓖ গ্যালেনা ⓖ বক্সাইট

**২৯. গলিত আকরিক বা লবণের তড়িৎ বিশ্লেষণে নিচের কোনটি উৎপন্ন হয়?**
ⓚ $Mg^{2+}$ ⓚ $Mn^{2+}$
ⓖ $Zn^{2+}$ ⓖ $Fe^{2+}$

**৩০. 22 ক্যারেটে কত পার্সেন্ট সোনা থাকে?**
ⓚ 94.67% ⓚ 93.67%
ⓖ 92.67% ⓖ 91.67%

**৩১. প্রাকৃতিক গ্যাসে কত পার্সেন্ট প্রোপেন থাকে?**
ⓚ 4% ⓚ 5%
ⓖ 6% ⓖ 7%

**৩২. বন্ধ শিকল অ্যালিফেটিক হাইড্রোকার্বনকে—**
i. অ্যালিসাইক্লিক যৌগ বলে
ii. কার্বন শিকলে এক বা একাধিক একক ও দ্বিবন্ধন থাকতে পারে
iii. প্রধানত তিন ভাগে ভাগ করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩৩. আমাদের দেশে কত বছর আগে লোকেরা খেজুরের রস থেকে সন্ট ভিনেগার তৈরি করত?**
ⓚ ১০/১৫ বছর ⓚ ১৫/২০ বছর
ⓖ ২০/৩০ বছর ⓖ ৩০/৩৫ বছর

**৩৪. উদ্ভিদজাত তেল থেকে তৈরি সাবান কী ধরনের?**
ⓚ বায়োডিগ্রেডেবল ⓚ নব বায়োডিগ্রেডেবল
ⓖ হাইড্রোফোবিক ⓖ হাইড্রোফিলিক

**৩৫. $Ca(OH)_2 + Cl_2 \xrightarrow{40°C?}$ এই বিক্রিয়া নিচের কোনটি উৎপন্ন করে?**
ⓚ $Ca(OOCl)Cl + H_2O$ ⓚ $Ca(OCl)Cl + H_2O$
ⓖ $CaO(OCl)Cl + H_2O$ ⓖ $Ca(OCl)OCl + H_2O$

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | ঘ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক |
| | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | | | | | | | | | | |

Teachingbd.com

http://teachingbd.com